

SUBHRO BANDOPADHYAY
from Buddhist Inscriptions

Translated from the Bengali by Souradeep Roy

8

I've stood here politely
A little away from metrical corners
if some memories along with perspective try to enter
I block them It's not wind or other things
or requests judgements or an emptiness
that has come before I throw a fistful of dust
at the map — especially wherever there's rain —
may it get drenched like us

৮

সবিনয়ে দাঁড়িয়ে থেকেছি।
ছন্দবদ্ধ কোণ থেকে খানিকটা দূরে
শ্রেণিকৃত সমেত কিছু স্মৃতি ঢুকলে
আটকাই। বাতাস বা অন্যান্য কিছু নয়
অনুরোধ বিচার বা বিবেচনাধীন কোনও
শূন্যতা নয়, একমুঠো ধুলো ছড়িয়ে দিই
মানচিত্রে — যেখানে বৃষ্টি —
ভিজ়ে উঠুক আমাদের মতো

9

I think of the act of listening

It keeps changing according to each measure for hearing

Stories and the chill The onomatopoeic word for touch — khosh khosh

A shiver in the nipple the way an adolescent's lips quiver

as a measure for emptiness — I don't know if there is any spark left

in the difficulty of our daily practices

But I keep pushing — almost as a ritual — a heap of stones beside rivers

running alongside mountains

I keep pushing the flow I must breach the body

৯

শ্রুতির বিকল্প ভাবি।

সে তো বদলে যায় শ্রবণের মাত্রা অনুযায়ী।

কাহিনি ও শীতলতা। স্পর্শের খসখস?

স্তন্যগ্রের শিহরন, কিশোরের শূন্যতা মাপা ঠোঁট

কম্পন — অসহজ প্রবাহের ওপারে কোনও

উজ্জ্বল্য রয়েছে কিনা জানা নেই

শুধু পাহাড়ি নদীর পাশে জমা পাথরদের

সাধ্যমত ধাক্কা দিই

প্রবাহের শরীরে

12

I knew of this impossible non-shadow
of this unmoving temperature over an excessively golden stone
in this new city

Because it didn't exist in the dictionary
I didn't know what this colourless light rushing through the window was called
somebody's shout — it was white in colour — rattled the windows in the morning
We burst like firecrackers so easily what else could we want

I tame the word sujog I break it
stress the word jog
With the names of those birds I have avoided learning
I join the different names of
bus-stops and flowers
reserve some space for
possibility — somhabona —
on the space between two lines
 If you give this word a direction
you will create a map

I call it dharma

sujog: opportunity

jog: addition

১২

জানা ছিল এই অবশ্যস্বাবী না-ছায়া,
তীর সোনালি একটা পাথরের ওপর নিথর তাপমাত্রা
এই নতুন শহর

অভিধানে ছিল না বলে
জানলা দিয়ে নেমে আসা বেরং এর নাম জানিনি
শুধু একঝাঁক সাদা কণ্ঠস্বর কাচ কাঁপিয়ে দিলো ভোরে
আমাদের তুবড়ে যাওয়া আর কী চাইতে পারে?

সুযোগ শব্দটাকে ভেঙে বশ করি,
সজোরে উচ্চারণ করি যোগ
যে সব পাখির নাম এড়িয়ে গিয়েছি
ফুল ও বাসস্টপের নাম
জুড়ে দিই,
ছোটো লাইনের ফাঁকে রেখে দিই
সম্ভাবনা,
শব্দটির সঙ্গে গতি জুড়ে দিলে
যে মানচিত্র তৈরি হয়
তাকেই ধর্ম বলে মানি

13

At old crossroads the blue voices
called us out is time folded
into chocolate flowers
We leave touch glances back at us and
moves towards a bindu on its body the freshness of a just-dead skin
that shivers like a 15-year-old song

It's difficult to say if we can be glued to
the thinner parts of an almost-broken dream
But there's one wish

What happens to these broken shadows
After we keep slipping our glasses break into terrible pieces
where does our flesh and skin go

Is it remade into something new
Birth from water
I pray for the flamboyance of a sharp arrowhead

১৩

পুরনো মোড়ে নীলচে কণ্ঠস্বরগুলো
আমাদের ডেকে নিত, চকলেট পুপ্পের ভিতরে
সময় কি ভাঁজ হয়ে থাকে?
আমরা বেরিয়ে পড়ি, স্পর্শ চেয়ে এগিয়ে যাই
সেই বিন্দুটার গায়ে যেখানে তখনও সদ্য মৃত প্রাণীর ত্বক
হয়তো তিরতির করে কাঁপছে ১৫ বছর আগেকার ১টা গান

ভেঙে আসা স্বপ্নটার পাতলা অংশে
জুড়ে থাকা যায় কি না সেটা অস্পষ্ট
কেবল একটা ইচ্ছে

কী হয় এইসব ভাঙা ছায়ার?
বারবার পিছলে গিয়ে চশমা ভেঙে
একাকার আমাদের মাংসপিণ্ড কোথায় যায়?

আবার নতুন করে তৈরি হয় কি?
জল থেকে জন্ম?
একটা তীক্ষ্ণ ফলার জৌলুস প্রার্থনা করি

I think of the body I want to take a sallow turquoise deity mix it with a dome and see the khaki colour of new thrills Are you in my tongue or are you a moss-covered road or are you the touch of a reader who felt a manuscript covered with dust It is not that I am trying to explain something to myself before I gain complete knowledge over it In fact this discomfort is all this tremor of a hummingbird Yet bending over for a body comes to my mind a prolonged esraj a durbari k̄anādā why remain awake Why will I not accept tremors after refusals

I write aahong – the self say we will never know what truth or other dogs above us do just a couple of layers – it's difficult to know if they are non-related I don't know what lies over these non-evenings I write that harsha does not just mean the salt from sweat huge Islamic masonry structures maghreb and the flight of vultures beside young women

esraj: musical instrument

durbari, k̄anādā, shree: musical ragas

আমি শরীর ভাবি, ফ্যাকাশে ফিরোজা ঈশ্বর গম্বুজের সঙ্গে মিলিয়ে দেখতে চাইছি নতুন শিহরনের গম রং। তুমি ভিজে বা শ্যাওলাঢাকা রাস্তা নাকি ওই বহুদিন ধুলোর আস্তরণে ঢেকে থাকা পাণ্ডুলিরি ওপরে পড়া পাঠকের স্পর্শ, জেনে নেওয়ার আগে নিজেকে বোঝাতে চাইছি হয় না, এই অস্থিরতাটুকুই সব, এই গুঞ্জন পাখির কাঁপা। অথচ বারবার একটা শরীরের জন্য ঝুঁকে পড়া মাথায় আসছে, একটানা এসাজ, দরবারি কানাড়া, কেন জেগে থাকা? কেন প্রত্যাখ্যানের পরেও আমি কম্পন গ্রাহ্য করব না?

অহং লিখি, বলি সত্য বা অন্যান্য কুকুর আমাদের ওপরে কী করে জানা নেই, শুধু কয়েকটা স্তর, যোগসূত্রহীন কিনা বোঝা যায় না, এই না-বিকেলের ওপর কী থাকে বুঝতে পারি না, লিখি হর্ষ মানে শুধু ঘামের নুন নয়, নাতি-তরুণীর পাশে বিরাট ইসলামি স্থাপত্য, মাগরিব, চিলের উড়ান

Between a cut and a dialectic is the neat line through a rustic widow's head after she has parted her hair with a comb/ think of a type of writing whose seed is a sting into the flesh is there still some place for an open field in that flesh a field where you learn to ride cycles Just a few paces away an adolescent girl will wait at a door It's May can the syntax of letters written to transfix her trick her by showing glittery clothes bring back these punctuation marks As this question elongates further a few more scratch marks sneak out of my mind like

a

My hide which cannot hold itself together any more tries to grab something after it has succumbed to a tune It succeeds but it's still unclear what it has grabbed just these images: just before entering the underground train in a foreign country the dark 6 am morning a couple of thin young men are gathering papers which have been thrown away in front of their drugged brains a couple of mannequins are being washed even if we don't bring up the impotence of dolls why do the brains of these young kids become such a musical notation

b

A squashed tin can / if you come to people like us you might find apart from coarseness some infinite glass and molten batteries Those women who sit on top of a mountain of garbage exchange stories of pickle-eating are they water bodies in mountains In front of us in this stony mist amidst the straightness of pine trees who I wonder has left behind Raju + Shanta

১৬

ক্ষত ও দ্বন্দ্বের মাঝখানে দিয়ে গ্রাম্য বিধবার সিঁথি / যে লেখার বীজ দংশক মাংসে
আজও কি ১টা মাঠ থাকে সাইকেল চালানো শেখার? একটু পরে দরজা আগলে
দাঁড়িয়ে থাকবে কিশোরী। মে মাস, জেল্লাদার পোশাক দেখিয়ে তাকে বশ করে
ফেলবার অছিলায় লেখা চিঠিগুলোর অম্বয় কি ফেরত আনতে পারে এইসব
যতিচিহ্ন? প্রশ্ন বেড়ে চলার ফাঁকে আরও কিছু আঁচড় বেড়ে যায় মাথায়, যেমন

ক

আমার না সহ্য করতে পারা চামড়া প্রতি মুহূর্তে সুরের সঙ্গে পাকিয়ে গিয়ে কিছু
ধরতে চায়। পারে কিনা সেটা স্পষ্ট নয়, শুধু ১টা বিদেশি পাতাল রেলের স্টেশনে
টোকর মুখে, অন্ধকার সকাল ৬টা, বিনে পয়সায় বিলোনের খবরের কাগজগুলো
জড়ো করছে কিছু হাসাহাসি কৃষ্ণাঙ্গ যুবক, ড্রাগমস্ট্রিকের সামনে কিছু ম্যানেকুইন
ধোয়াধুয়ি চলছে, পুতুলের যৌনাঙ্গহীনতার প্রশ্ন না তুললেও, সেইসব ছেলেগুলোর
মাথা অমন সঙ্গীত স্বরলিপি হয়ে উঠছে কেন?

খ

তোবড়ানো টিন ক্যান / আমাদের মতো মানুষদের কাছে এলে রক্ষতা ছাড়া কিছু
অতিরিক্ত কাচ ও গলে যাওয়া ব্যাটারি পাওয়া যেতে পারে। জঞ্জালের স্তূপে বসে
যে সব মেয়েরা পান খায়, আচার খাওয়ার কথা কানে কানে বলে তারাই কি
পাহাড়ি জলাশয়? সামনে পাথুরে কুয়াশা ও পাইন গাছের ঝঞ্জুতায় কেই বা লিখে
রেখে গেছে রাজু + শাস্তা?

In this way we bring up friendships just as I am about to leave for a second
I begin to believe that stillness is actually quite dependent on hurt

In evenings spent with everyday cups there is no animosity when you are not there
Just a still oblique light falls on the song

The body of a song means kneeling down
Saluting a sunken language the old city is a jukebox

It's just that heavy trucks keep walking over soft leaves
now there's not a sound after the rain

These coffee Augusts are brushing against cats when we're sitting
lyrics which don't come to an end

In my surroundings the deficiency of heat is building a pillar
In a room full of accusations November rests its tongue
On the stony side of the teeth a metallic drool

২৯

এভাবে বন্ধুদের কথা আসে একঝলক বেরিয়ে পড়ার আগে
মনে হয় স্তব্ধতা আসলে ভীষণভাবে আঘাত নির্ভর

অভ্যস্ত কাপের সঙ্গে যেখানে তুই নেই হিংস্র
শুধু একটা স্থির তেরচা আলো আসছে গানের ওপর

গানের শরীর মানে তো গেড়ে বসা
মগ্ন ভাষাকে কুর্নিশ জানিয়ে জুক বক্স পুরনো শহর

কেবলই ভারি ট্রাক চলে যায় নরম পাতাগুলোর ওপর দিয়ে
বৃষ্টির পর আর শব্দ নেই এখন

বসে থাকার গায়ে বেড়ালের গা ঘষা এইসব কফি অগাস্ট
কখনও শেষ না হতে চাওয়া লিরিক

পরিবেশে একটা স্তম্ভ তৈরি করছে নিখর তাপহীনতা
একটানা অভিযোগের ঘরে নভেম্বর জিভ রাখে
দাঁতের পাথুরে ভাগে ধাতব লালা

32

I stand near a fleshy street
The scales of October have become soft
after they have done the rounds of theism

This cycle this sudden leap
riyaaz that remains awake after having surrounded
the acoustics of words and after seeing a silvery envelope
new labours have become stupefied
Is semicolon then raag shree
What is this non-illusion on the body of a 7:30 evening

I unveil these letters and the syntax
A huge jungle has disappeared
What would have happened if words and trees had not been beside each other
I name the unexpectedness of this presence grammar

riyaaz: an ethic of daily practice in the Hindustani classical tradition

৩২

মাংসল রাস্তার কাছে দাঁড়াই,
শুধু জলজ আন্তিক্য ঘিরে
আঁশ নরম হয়ে এসেছে অক্টোবর

এই সাইকেল এই হঠাৎ লাফিয়ে ওঠা
বেগবান শব্দ ঘিরে জেগে থাকা
রেওয়াজ ও বাড়ির সামনে
কিশোর রূপোলি খাম
দেখে থমকে গিয়েছে সদ্য শ্রমণতা
তাহলে কি এই সেমিকোলনকেই শ্রী রাগ বলে?
সন্ধে ৭.৩০ এর গায়ে নির্মোহ কী?

উন্মোচন করে দিই বাক্য ও বিন্যাস
বিরাট জঙ্গল উদাত্ত হয়েছে
শব্দ বা গাছ পাশাপাশি না থাকলে কী হত?
এই থাকার আকস্মিকতার নাম দিই ব্যাকরণ
